



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৬৪/২৩৫

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

বিষয় : অধ্যক্ষ পদে পুনর্বহাল সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ ও স্থিতাবস্থা বজায় রাখা প্রসঙ্গে।

সূত্র : ১। বামাশিবো/প্রশাসন/আপিল এন্ড আর্বিট্রেশন/১২৪৭ তারিখ: ০৪.০৩.২০২১ খ্রি.;
২। বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৬৪/২৩১ তারিখ: ০৬.১১.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার সদর উপজেলাধীন তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব এস. এম. কামাল উদ্দিন এর চূড়ান্ত বরখাস্ত সূত্রোক্ত ১নং স্মারক পত্রে অনুমোদন দেয়া হয়। উক্ত স্মারক পত্রের বিরুদ্ধে জনাব এস. এম. কামাল উদ্দিন কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪১৭৩/২০২১ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট কর্তৃক উক্ত রিট পিটিশন মামলার রায়ে জনাব এস. এম. কামাল উদ্দিনকে তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ পদে পুনর্বহালের জন্য নির্দেশনা প্রদান করা হয়। রায় অনুযায়ী অধ্যক্ষ জনাব এস. এম. কামাল উদ্দিনকে স্বপদে পুনর্বহাল করে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের বিরুদ্ধে তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ২৫৮২/২০২২ মামলা দায়ের করা হয়। আপীল মামলার আদেশ তারিখ ২৮.০৯.২০২২ ইং এ সংশ্লিষ্ট সকলকে স্থিতাবস্থার আদেশ প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় মহামান্য আপীল বিভাগের স্থিতাবস্থা বলবৎ থাকাকালীন সূত্রোক্ত ২নং স্মারক পত্রের কার্যকারিতা স্থগিত থাকবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং মামলা দ্রুত নিষ্পত্তি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৩.১১.২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


০৩.১১.২২

- ১। সভাপতি, গভার্ণিং বডি,
তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসা, সদর, ঝালকাঠি;
- ২। জনাব এস. এম. কামাল উদ্দিন, অধ্যক্ষ(বরখাস্তকৃত),
তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসা
পো: রামচন্দ্রপুর, সদর, ঝালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৬৪/২৩৫

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, ঝালকাঠি;
৩. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঝালকাঠি;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝালকাঠি;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; শাখা, সদর, ঝালকাঠি;
৭. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, তেরআনা শাহ মাহমুদিয়া আলিম মাদ্রাসা, সদর, ঝালকাঠি;
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।


০৩/১১/২২

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০৩.১১.২২